

আন্তর্জাতিক দুর্যোগ হ্রাস দিবসে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী  
৮ অক্টোবর ২০০৩

এ বছর আন্তর্জাতিক দুর্যোগ হ্রাস দিবসের প্রতিপাদ্য বিষয় ‘দুর্যোগ কাটিয়ে টেকসই উন্নয়নে দিকে প্রত্যাভর্তন’।

প্রতিপাদ্য বিষয়টি আন্তর্জাতিক মিঠা পানি বর্ষের মধ্যে শুধুমাত্র নিরাপদ জীবনের জন্য পানির উৎসসমূহ সংরক্ষণের কথাই বলেনা বরং পানির কারণে প্রাণনাশ কমিয়ে আনার ব্যাপারেও আমাদের স্মরণ করিয়ে দেয়। বর্তমান বিশ্বে সংগঠিত লঘু মাত্রার অনাবৃষ্টি থেকে শুরু করে ব্যাপক আকারের বন্যা, ভূমিধস, ঘূর্ণিঝড়, হারিকেন, টাইফুন পর্যন্ত বিভিন্ন দুর্যোগসমূহের শতকরা ৯০ ভাগই পানির সাথে সম্পর্কিত। বছরের পর বছর ধরে বিভিন্ন জাতি-গোষ্ঠী একের পর এক দুর্যোগক্রান্ত হয়েছে।

প্রাকৃতিক প্রতিকূলতা জীবনেরই একটা অংশ। এই প্রতিকূলতা তখনই বিপর্যয়ে রূপ নেয় যখন তা অসংখ্য জীবন ও জীবিকা বিনষ্টের কারণ হয়ে দাড়ায়। মানুষের কর্মকাণ্ডের ফলে জাতি-গোষ্ঠীর বিপদাশংকা বাড়ছে যা ক্রমবর্ধমান দারিদ্র, অধিক নগর জনসংখ্যা ঘনত্ব, পরিবেশ বিপর্যয় ও আবহাওয়া পারিবর্তনের কারণ।

এ বিষয়ে আমাদের সামর্থের মধ্যে কিছু করাই যথার্থ। উন্নততর সিদ্ধান্ত গ্রহণ, উত্তম পরিকল্পনা, কার্যকর ঝুঁকি ব্যবস্থাপনা, উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণে উদ্ভাবন প্রভৃতি কর্মকাণ্ডের মাধ্যমে আমরা জাতি-গোষ্ঠীসমূহের বিপদাশংকা হ্রাস করতে পারি। সকল প্রকার টেকসই উন্নয়ন নীতি ও পরিকল্পনায় ঝুঁকি পর্যালোচনা ও দুর্যোগ হ্রাস বিষয়দুটি সমন্বিতভাবে থাকা উচিত।

আন্তর্জাতিক দুর্যোগ হ্রাস দিবসে আসুন আমরা একথা স্মরণ করি যে আমরা দুর্যোগের সংখ্যা ও ক্ষয়ক্ষতি অবশ্যই হ্রাস করতে সক্ষম। আর এজন্য আমাদের এমন টেকসই সমাজ নির্মাণ করতে হবে - যার ঝুঁকি সত্ত্বেও টিকে থাকবার দীর্ঘ মেয়াদী সক্ষমতা রয়েছে।

\*\* \*\*\* \*\*